# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 06.02.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35A.M** **Compiling & NR : P.B**
**DEO : Keya Bhowmick**

**Opening Announcement** ঃ- আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের আজ দ্বিতীয় দিন। প্রথম দিনেই একাধিক নতুন বিনিয়োগের প্রস্তাব পেয়েছে রাজ্য সরকার।

# মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ BGBS-এ উপস্থিত ৫ টি দেশের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন।

# দেউচা পাচামী খনি প্রকল্পে ব্যাসল্ট উত্তোলনের কাজ আজ শুরু হচ্ছে।

২/ রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্বরসঙ্ঘচালক মোহন ভাগবত, আজ রাজ্যে আসছেন।

৩/ RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় চার্জ গঠনের প্রক্রিয়া পিছোনোর আর্জি জানিয়ে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের আবেদন, খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪/ মাধ্যমিক পরীক্ষা চলাকালীন শিক্ষক ও শিক্ষাকর্মীদের কাছে মোবাইল ফোন বা কোনো বৈদ্যুতিন যন্ত্র পাওয়া গেলে কড়া পদক্ষেপ নেবে মধ্যশিক্ষা পর্ষদ।

৫/ যুবভারতী ক্রীড়াঙ্গনে ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, ৩-০ গোলে পাঞ্জাব এফসি-কে হারিয়ে দিয়েছে।

*******************************************************************

বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের আজ দ্বিতীয় দিন। প্রথম দিনেই একাধিক নতুন বিনিয়োগের প্রস্তাব পেয়েছে রাজ্য সরকার।

রিলায়েন্স গোষ্ঠীর প্রধান, বিশিষ্ট শিল্পপতি মুকেশ আম্বানি রাজ্য সরকারের শিল্প বান্ধব ভাবমূর্তির প্রশংসা করে চলতি দশকের শেষে আরো ৫০ হাজার কোটি টাকা বিনিয়োগের কথা ঘোষণা করেছেন। জিন্দাল গোষ্ঠীর প্রধান সজ্জন জিন্দাল, ১৬ হাজার কোটি টাকা বিনিয়োগে রাজ্যে নতুন শিল্প পার্ক তৈরীর কথা ঘোষণা করেন। অম্বুজা-নেওটিয়া গোষ্ঠীর প্রধান হর্ষ নেওটিয়াও একাধিক প্রকল্পে বিনিয়োগের কথা জানিয়েছেন। এছাড়াও, RPSG, JSW, ITC, সহ একাধিক শিল্পগোশঠী বিভিন্ন ক্ষেত্রে লগ্নীর ঘোষণা করেছে। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি- অভিরূপ)

**শিল্পক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে নিউটাউনে বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে গতকাল দুদিন ব্যাপী অষ্টম বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, আগের সাতটি সম্মেলন থেকে মোট ১৯ লক্ষ ৫১ হাজার কোটি টাকার বিনিয়োগ প্রস্তাব এসেছিল। এর মধ্যে ১২ লক্ষ কোটি টাকার প্রস্তাব ইতিমধ্যেই রূপায়িত হয়েছে। শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে যাবতীয় সমস্যার চটজলদি সমাধানের লক্ষ্যে মুখ্যসচিবের নেতৃত্বে রাজ্যস্তরে শিল্প বিষয়ক সমন্বয় কমিটি গঠন করা হচ্ছে। এই কমিটি, দমকল, পরিবেশ সহ সমস্ত দপ্তরের সঙ্গে সমন্বয় রক্ষা করে চলবে।**

**(সম্মেলন নিয়ে বিরোধীদের সমালোচনার উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সম্ভাবনার দিক বিশ্ববাসীর সামনে তুলে ধরতে এধরণের সম্মেলনের গুরুত্ব অনস্বীকার্য।)**

পরে সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, আজ তিনি ৫ টি দেশের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন। কলকাতা ও ইউরোপের মধ্যে সরাসরি বিমান পরিষেবা চালু করার ব্যাপারে টাটা সন্সের  কর্ণধারের সঙ্গে তাঁর কথা হয়েছে।

**বিজেপি বিশ্ববঙ্গ** বাণিজ্য সম্মেলনকে ‘বোমা-গুলির শিল্প সম্মেলন’ বলে কটাক্ষ করেছে। দলের রাজ্য সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে অভিযোগ করেন, রাজ্যে নিয়মিত গুলির বন্যা চলেছে এবং শিল্পও তলানিতে।

(বাইট – জগন্নাথ)

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ এই বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনকে ‘ঐতিহাসিক’ বলে মন্তব্য করেছেন।

তিনি বলেন- ( বাইট- কুণাল )

****************************

বীরভূমের দেউচা পাচামী প্রকল্পে বেসল্ট উত্তোলনের কাজ আজ শুরু হচ্ছে। বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের উদ্বোধনী মঞ্চ থেকেই গতকাল মুখ্যমন্ত্রী একথা ঘোষণা করেন। তিনি বলেন, বাংলার শিল্পোন্নয়নে অনুঘটকের ভূমিকা নেবে এই খনি অঞ্চল। এই কয়লা খনিতে প্রাথমিক পর্যায়ে ৩৫ হাজার কোটি টাকা লগ্নীর সম্ভাবনা রয়েছে বলে রাজ্য সরকারের দাবী। প্রকল্পে জমিদাতাদের পরিবারের সদস্যদের চাকরির বন্দোবস্ত করা হয়েছে। সেই সঙ্গে ক্ষতিপূরণ’ও দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

উল্লেখ্য, মহম্মদ বাজারের দেউচা পাচামী-তে এশিয়ার দ্বিতীয় বৃহত্তম কয়লা শিল্পাঞ্চল গড়ে ওঠার কথা।

****************************

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্বরসজ্ঘচালক মোহন ভাগবত, আজ কলকাতায় আসছেন। সংঘের পূর্ব ক্ষেত্র ও দক্ষিণবঙ্গের প্রচারক জিষ্ণু বসু এবং বিপ্লব রায় কলকাতায় গতকাল এক যৌথ সাংবাদিক বৈঠকে একথা জানিয়ে বলেন, আজ সন্ধ্যায় শ্রী ভাগবত কলকাতা এসে পৌঁছাবেন। এরপর আগামীকাল থেকে সোমবার ১০তারিখ পর্যন্ত তিনি বিভিন্ন সাংগঠনিক বৈঠক করবেন। এছাড়াও শ্রী ভাগবত প্রবীণ স্বয়ংসেবকদের সঙ্গে কথা বলবেন। আগামী ১১ ও ১২ই ফেব্রুয়ারি অখিল ভারতীয় বৈঠকেও যোগ দেবেন তিনি। বৃহস্পতিবার ১৩ই ফেব্রুয়ারি সন্ধ্যায় তিনি বর্ধমানের উদ্দেশে রওনা দেবেন। ১৪ থেকে ১৬ই ফেব্রুয়ারি সেখানে বিভিন্ন সাংগঠনিক কর্মসূচিতে অংশ নেবেন তিনি। ১৬তারিখ বিকেলে বর্ধমানে স্বয়ংসেবকদের প্রকাশ্য সভায় বক্তব্য রাখবেন।

১৭ তারিখ সন্ধ্যায় শ্রী ভাগবত কলকাতা হয়ে ফিরে যাবেন।

****************************

RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় চার্জ গঠনের প্রক্রিয়া পিছোনোর আর্জি জানিয়ে প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ গতকাল এই আবেদন খারিজ করে দিয়ে বলেন, বিশেষ আদালতের দেওয়া নির্দেশে হাইকোর্ট হস্তক্ষেপ করতে পারে না। এর আগে আর্থিক দুর্নীতি মামলায় ৬ই ফেব্রুয়ারীর মধ্যে নিম্ন আদালতে চার্জ গঠনের নির্দেশ দেন বিচারপতি তীর্থঙ্কর ঘোষ। গত মঙ্গলবার আলিপুরে CBI-এর বিশেষ আদালত বুধবার চার্জ গঠনের প্রক্রিয়া শুরুর নির্দেশ দেয়। এরপরই বিচারপতি তীর্থঙ্কর ঘোষের নির্দেশ পুনর্বিবেচনার আর্জি জানিয়ে সন্দীপ ঘোষ হাইকোর্টের দ্বারস্থ হন। তাঁর আইনজীবীদের যুক্তি, CBI-এর দেওয়া কয়েক হাজার পাতার নথি সম্পূর্ণরূপে পড়ে দেখার জন্য সময়ের প্রয়োজন। যদিও CBI আদালতে জানায়, সময় নষ্ট করতেই এই মামলা করা হয়েছে।

আজ আলিপুর আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরু হতে পারে।

উল্লেখ্য, আর্থিক দুর্নীতি মামলায় CBI-এর দেওয়া চার্জশিটে সন্দীপ ছাড়াও বিপ্লব সিংহ, আফসর আলি, সুমন হাজরা এবং আশিস পান্ডের নাম রয়েছে।

এদিকে, ৯ই ফেব্রুয়ারি RG KAR-এ নিহত চিকিৎসকের জন্মদিনে, পথে নামার আর্জি জানিয়েছেন নির্যাতিতার বাবা-মা। সোশ্যাল মিডিয়ায় এক ভিডিও বার্তায় তারা বলেন, ঘটনার ছমাস অতিক্রান্ত হলেও ন্যায়বিচার এখনো অধরা। ঐদিন ফুলের গাছ রোপনের জন্য সকলের প্রতি আবেদন জানান তাঁরা।

****************************

মাধ্যমিক পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রে নজরদারির দায়িত্বে থাকা শিক্ষক ও শিক্ষাকর্মী নিজের কাছে মোবাইল ফোন বা কোনো বৈদ্যুতিন যন্ত্র রাখতে পারবেন না বলে মধ্যশিক্ষা পর্ষদ বিজ্ঞপ্তি জারি করেছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, সেন্টার সেক্রেটারী অথবা ভেনু সুপারভাইজারের কাছে ফোন জমা দিতে হবে। পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, ডিউটির সময় সকাল ৯ টা থেকে বিকেল ৪'টে পর্যন্ত কোনোভাবেই মোবাইল ফোন কাছে রাখা যাবে না। নির্দেশ অমান্য করলে প্রয়োজনীয়

তথ্য সহ রিপোর্ট বোর্ডে পাঠাবেন ভেনু সুপারভাইজার। এরপর পর্ষদের অ্যাড হক কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

***************************

২৪-তম নাট্যমেলার আনুষ্ঠানিক সূচনা হয়েছে গতকাল। রবীন্দ্রসদনে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসু, পশ্চিমবঙ্গ নাট্য একাডেমীর সভাপতি অভিনেতা দেবশঙ্কর হালদার ও সহ-সভাপতি অর্পিতা ঘোষ প্রমুখ। অর্পিতা ঘোষ বলেন, এবারের নাট্য মেলায় ১২০টির মতো নাটক উপস্থাপিত হবে।

রবীন্দ্র সদন ছাড়াও, শিশির মঞ্চ, তৃপ্তি মিত্র সভাগৃহ, একতারা মুক্ত মঞ্চ, গিরিশমঞ্চ ও মধুসূদন মঞ্চে আগামী ১৩ তারিখ পর্যন্ত নাট্য মেলা চলবে।

অন্যদিকে, ৪৮-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় আজ সূচনা হবে এগারতম লিটারারি ফেস্টিভ্যালের।

দুই মেলা নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

( ভিসি- অভিজিৎ )

***************************

জরুরী মেরামতির কাজের জন্য হাওড়া পুর এলাকায় আজ বেলা ১২-টা থেকে ১৮ ঘণ্টা পানীয় জল সরবরাহ বন্ধ থাকবে। পুরসভার পক্ষ থেকে জানানো হয়েছে, পানীয় জল সরবরাহকারী লাইনে মেরামত ও পাইপলাইন প্রতিস্থাপনের দরুণ আগামীকাল সকাল ৬-টা পর্যন্ত সবকটি ওয়ার্ডে এই পরিশ্রুত পানীয় জল সরবরাহ করা হবে না। মেরামতি শেষে আবার জল সরবরাহ স্বাভাবিক হবে।

***************************

মাঘ মাস শেষ হতে এখনও বেশকিছুদিন বাকি থাকলেও শীত প্রায় বিদায় নিয়েছে বললেই চলে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় আজ সকালে ঘন কুয়াশায় ঢেকে যায় চারপাশ। এর জেরে বাড়বে তাপমাত্রা। আগামী ৭ দিন রাজ্যে কোথাও বৃষ্টির সম্ভাবনা নেই। এই সময়ে প্রধানত শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট- হবিবুর রহমান)

***************************

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ৩-০ গোলে পাঞ্জাব এফসি-কে হারিয়ে দিয়েছে। তিনটি গোলই হয়েছে খেলার দ্বিতীয়ার্ধে।

**************************************************************************